FEB. 1 2 2001

তারিখ ......................

পৃষ্ঠা ৩ কলাম ১......

দৈনিক জনকণ্ঠ

# প্রসঙ্গ শিক্ষা

# শিক্ষানীতি এবং দু

গত ২৮ জানুয়ারি জাতীয় সংসদে নতুন জাতীয় শিক্ষানীতি গৃহীত হয়েছে। সরকারদলীয় এক সংসদ সদস্য উৎসাহের আতিশয্যে বলেছেন, এমন কাজ গত দেড় শ' বছরে ঘটেনি। কিন্তু সংবাদ মাধ্যমে, শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যক্তিদের মধ্যে এবং নাগরিক সমাজে নতুন জাতীয় শিক্ষানীতি নিয়ে কোন প্রতিক্রিয়া দেখা যাচ্ছে না।

মন্ত্রিসভা গত অক্টোবরে শিক্ষানীতির দলিল অনুমোদন করে এবং জাতীয় সংসদে এটা পাঠানোর সিদ্ধান্ত নেয়। সরকার কি অনুমোদন করেছে, জাতীয় সংসদে কি দলিল পাঠানো হলো এবং সংসদে কি গ্রহণ করা হলো সে সম্বন্ধে বিস্তারিত কিছু প্রকাশিত হয়নি। সরকারেরও এ ব্যাপারে কোন উৎসাহ আছে বলে মনে হয় না।

এই পত্রিকার এক নিবন্ধে বলা হয়েছিল ("প্রসঙ্গ শিক্ষানীতিঃ যে সব কথা বলা হয়নি"), জনকণ্ঠ, ১-২ ডিসেম্বর, ২০০০), সরকার-অনুমোদিত দলিলে শিক্ষার প্রধান সমস্যাগুলোর প্রতি দৃষ্টি দেয়া হয়নি। এ সবের মধ্যে একটি বড় সমস্যা হচ্ছে অপরাজনীতির প্রভাবে শিক্ষার সর্বস্তরে চরম বিশৃঙ্খলা ও দুর্নীতি। জনস্বার্থের অন্তরায় ও গণতন্ত্রবিরোধী রাজনৈতিক আচার শিক্ষাসহ জাতীয় জীবনের সব ক্ষেত্রে জগদ্দল পাথর হয়ে সব সৎ উদ্দেশ্য ও সৎ উদ্যোগের টুঁটি চেপে ধরে আছে।

শিক্ষাসংক্রান্ত পার্লামেন্টারি কমিটিতে শিক্ষানীতির পর্যালোচনা করা হয়েছে এবং কমিটি কোন সুপারিশ করেছে বলে শোনা যায়নি। বিরোধী দলগুলোও এ সম্বন্ধে কোন মন্তব্য করার প্রয়োজন বোধ করেনি। তারা জাতীয় ও জনস্বার্থসংক্রান্ত কোন ব্যাপার নিয়ে কালক্ষেপ না করে সরকার অপসারণের এক দফা কার্যসূচীতে নিমগ্ন থাকার নীতিতে অটল আছে। জাতির শিক্ষা ব্যবস্থার মতো গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা বা এ ব্যাপারে তাদের সুবিবেচিত অবস্থান নিয়ে চিন্তাভাবনা করার ইচ্ছা বা সময় তাদের নেই। আদৌ এ ব্যাপারে কোন চিন্তার উদ্রেক হলে তা হবে দেশের শিক্ষাসংক্রান্ত সমস্যার অজুহাতে সরকারকে কিভাবে ঘায়েল করা যায়।

সফল শিক্ষা সংস্কার বা নীতি পরিবর্তনের ব্যাপারে ক্যালিফোর্নিয়া লস এঞ্জেলেস বিশ্ববিদ্যালয়ের প্রবীণ শিক্ষাবিদ রবার্ট টমাস দশটি প্রয়োজনীয় উপাদানের কথা

পরিপ্রেক্ষিতে সংস্কার ও নীতির মূল লক্ষ্যগুলোর যথার্থতা ও স্থায়ী গ্রহণযোগ্যতা (validity and sustainability), (খ) রাজনৈতিক, প্রশাসনিক ও কারিগরি পর্যায়ে লক্ষ্যসমূহের প্রতি আনুগত্য (commitment), (গ) লক্ষ্য নির্ধারণে ও লক্ষ্য বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের ভূমিকা ও অংশগ্রহণের নিশ্চয়তা (participation of stakeholders) এবং (গ) নীতি বাস্তবায়ন ও প্রতিবন্ধকতা দূর করার জন্য রাজনৈতিক সমর্থন সৃষ্টির কৌশল (political strategy)।

সফল শিক্ষা সংস্কারের উপাদানগুলোর নিরিখে শিক্ষানীতিকে বিচার করলে এর সুফল বাস্তবায়নের সম্ভাবনা সম্বন্ধে অনেক প্রশ্নই দেখা দেয়। কিন্তু এগুলোর

## ডঃ মনজুর আহমদ

চেয়েও বড় প্রশ্ন হচ্ছে এই নীতি বাস্তবায়িত হলেও শিক্ষা সংস্কারের প্রধান অন্তরায়ের ব্যাপারে কিছু আসে যায় কিনা।

শিক্ষানীতির বক্তব্যে শিক্ষাব্যবস্থার সম্প্রসারণ, মান উন্নয়ন, দক্ষ ব্যবস্থাপনা এবং ব্যয় বৃদ্ধির প্রয়োজনের কথা বলা হয়েছে। কিন্তু এই মহালক্ষ্যগুলোর ব্যাপারে কার্যকর নীতি ও পদক্ষেপের আলোচনায় গতবাঁধা ও নিষ্ফল সমাধানের পুনরাবৃত্তি করা হয়েছে।

আগেই বলা হয়েছে, দলীয় ও দুষ্ট রাজনীতির সর্বগ্রাসী অপপ্রভাবের মোকাবিলায় কি করা যেতে পারে সে সম্বন্ধে বক্তব্য নেই শিক্ষানীতির দলিলে। শিক্ষার মান উন্নয়নের

সংস্কার এবং পরিদর্শনের কথা ব
ধরনের চেষ্টা অনেক বছর থেকেই
যে সবের তেমন কোন সুফল দে
শিক্ষার পাঠ শেষ করে এক-
ব্যবহারযোগ্য লেখা ও পড়ার দক্ষতা
না। প্রাথমিক শিক্ষার দেশব্যাপী বি
ফল যে একটি বিরাট সমস্যা এবং
মতেই গ্রহণযোগ্য নয়, সেই স্বীকৃতি
নেই। শিক্ষকের, বিদ্যালয়ের ও
ব্যাপারে দায়িত্ব নির্ধারণ ও জবাবদি
যেতে পারে সে সম্বন্ধে কোন প্রস্ত
নেই।

বাংলাদেশের আড়াই কোটি প্রাথমিক
মধ্যে যারা শিক্ষার সুযোগ পায় তা
বিদ্যালয়, মাদ্রাসা, স্থানীয় উদ্যোগে
এনজিও স্কুল ও ব্যবসাভিত্তিক স্ব
প্রতিষ্ঠানে যোগ দেয়। বিভিন্ন রকম
প্রাথমিক শিক্ষার নিশ্চয়তা বিধান ও
দক্ষতা অর্জনের সুযোগের কথা
হয়েছে। কিন্তু এ ব্যাপারে কার্যকর ও
দিকনির্দেশ দুর্বল ও অস্পষ্ট।

মাধ্যমিক, বৃত্তিমূলক ও উচ্চশিক্ষার
স্বল্পতা এবং সামগ্রিকভাবে অ
প্রতিবিধানের দিকে এগোনোর বাস্ত
হয়নি শিক্ষানীতিতে। শিক্ষা কর্মসূচী
পর্যায়ের সময়সূচীর কাঠামোতে কিছু প
হয়েছে। কিন্তু এ সব প্রসাধনী সংস্কা

সহায়তায় স্বল্প খরচে আন্তর্জাতিক
ডিপ্লোমা ইন কম্পিউটার/
হার্ডওয়্যার/ প্রোগ্রামিং/ মাল্টিমি
ওয়েবপেইজ ডেভেলপিং। গ্লোমাইন
(নট্রামস), ১ সিদ্ধেশ্বরী লেন, ৪০
৯৩৫২৮৭৩। জসি-৫০৫

শিখুন ঃ কেজি-এইচ [illegible], সা
"গোপাল" (চারুকলা ইনস্টিটিউট-ট
বিএফএ-পেইন্টিং), ফোন ঃ ৯৩১৬
জসি-৫০

লক্ষ্য করুন

লক্ষ্য করুন ঃ টাকা ধার দিচ্ছি ঃ এ
আমরাই প্রথম যেকোন জিনিস রেখে টাকা
দিচ্ছি ঃ আলতাফ লিমিটেড, ফো
৭১২২৪৪১। জসি-৫০

টেলিফোন পরিবর্তন করতে
শেরে বাংলা এক্সচেঞ্জ এর একটি ডিজি
ফোন পরিবর্তন করে গুলশান এক্সচে
একটি ডিজিটাল ফোন নিতে আগ্রহী
রশিদুল [illegible]বীর
ফোন ঃ ৮১১৫০২৩, ৮১১৩

শিখুন
অত্যন্ত সহজ পদ্ধতিতে দুই মাসে
কথা বলার পূর্ণ নিশ্চয়তায় বাসায়
পুরুষ/মহিলা/একক/ব্যাচে
ইংলিশ শিখাব। মাস=৩০০০/-
পি-২৩৮৫/০১ তিতাস-০১৯-৩৪২